গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১৫২

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। **আবহাওয়ার সতর্কবার্তা:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

২। **আজ ০৯ জুন ২০২৬ সকাল ৯.০০ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, দিনাজপুর, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/ দক্ষিণ-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ অস্থায়ীভাবে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকায় নদীবন্দর সমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। **আজ ০৯.০৬.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**
**সিনপটিক অবস্থা:** দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগ পর্যন্ত অগ্রসর হয়েছে। দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু আগামী ৩-৪ দিনের মধ্যে আরো অগ্রসর হয়ে সারাদেশে বিস্তার লাভ করতে পারে।

**পূর্বাভাস:**

**প্রথম দিন (০৯.০৬.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; রংপুর, ঢাকা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী ও খুলনা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপপ্রবাহঃ** রাজশাহী, পাবনা, নীলফামারী, চুয়াডাঙ্গা ও খুলনা জেলাসমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা বিস্তার লাভ করতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**দ্বিতীয় দিন (১০.০৬.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।
**তাপপ্রবাহঃ** চলমান তাপপ্রবাহ কিছু কিছু জায়গা থেকে প্রশমিত হতে পারে।

**তৃতীয় দিন (১১.০৬.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**চতুর্থ দিন (১২.০৬.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**পঞ্চম দিন (১৩.০৬.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবণতা বাড়তে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের **নাম** | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.৫ ঢাকা | **৩৭.২ রাজশাহী** | ৩৬.০ সৈয়দপুর | ৩৫.৭ ময়মনসিংহ | ৩২.০ শ্রীমঙ্গল | ৩৫.৫ মাইজদীকোর্ট | ৩৬.৫ কয়রা | ৩৪.৩ বরিশাল |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.০ নরসিংদী | ২৩.২ বগুড়া | ২৪.০ রাজারহাট | ২৫.০ নেত্রকোনা | **২২.৫ সিলেট** | ২৪.৪ বান্দরবান | ২৪.০ কুমারখালী | ২৫.০ খেপুপাড়া |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **রাজশাহী ৩৭.২°** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **সিলেট ২২.৫°**
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

-
- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

৪। **বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:**
**(২৬ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/০৯ জুন, ২০২৬ খ্রি.)**
*বিপদসীমার উপরে নদ-নদীর তথ্য:*
- দেশের সকল প্রধান নদ-নদীসমূহ বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

*বৃষ্টিপাত ও লঘুচাপ/নিম্নচাপের তথ্য:*
- গত ২৪ ঘণ্টায় দেশের অভ্যন্তরে **ময়মনসিংহ, সিলেট, রংপুর ও চট্টগ্রাম** বিভাগে **ভারি থেকে অতি-ভারি** এবং উজানে ভারতের **পশ্চিমবঙ্গ** প্রদেশে মাঝারি-ভারি থেকে **ভারি** বৃষ্টিপাত পরিলক্ষিত হয়েছে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী **০৩ দিন** দেশের অভ্যন্তরে **সিলেট, ময়মনসিংহ ও রংপুর বিভাগ** ও **তৎসংলগ্ন উজানে ভারতের আসাম, পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও মেঘালয় প্রদেশে ভারি থেকে অতিভারি** এবং পরবর্তী ০২ দিন মাঝারি-ভারি থেকে **ভারি** বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।

*প্রধান অববাহিকার তথ্য:*
- গত ২৪ ঘণ্টায় **ব্রহ্মপুত্র-যমুনা** নদ-নদীর পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে, যা আগামী **০৫ দিন অব্যাহত থাকতে;** তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- গত ২৪ ঘণ্টায় গঙ্গা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ০৫ দিন অব্যাহত থাকতে পারে;অপরদিকে **পদ্মা** নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ০১ দিন অব্যাহত থাকতে পারে এবং **পরবর্তী ০৪ দিন বৃদ্ধি পেতে পারে**;তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- গত ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের **সুরমা-কুশিয়ারা** নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে; যা আগামী **০৩ দিন অব্যাহত থাকতে।** এই সময়ে সুরমা-কুশিয়ারা নদীসমূহ সিলেট জেলায় সর্তকসীমায় /বিপদসীমার কাছাকাছি প্রবাহিত হতে পারে এবং নদীসংলগ্ন নিম্নাঞ্চল কোথাও কোথাও সাময়িকভাবে প্লাবিত হতে পারে।

*অন্যান্য অববাহিকার তথ্য:*
- গত ২৪ ঘণ্টায় উত্তরাঞ্চলীয় রংপুর বিভাগের **তিস্তা, ধরলা ও দুধকুমার** নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে। **উক্ত** নদীসমূহের পানি

সমতল **আগামী ০৩ দিন বৃদ্ধি পেতে পারে।** এই সময়ে তিস্তা নদী লালমনিরহাট ও নীলফামারী জেলায় সর্তকসীমায় প্রবাহিত হতে পারে।

- গত ২৪ ঘণ্টায় সিলেট ও ময়মনসিংহ বিভাগের **সারিগোয়াইন, যাদুকাটা, মনু ও ভুগাই** নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে;অপরদিকে খোয়াই ও কংস নদীর পানি সমতল স্থিতিশীল আছে। উক্ত নদীসমূহের পানি সমতল **আগামী ০৩ দিন বৃদ্ধি** পেতে পারে; তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।

- গত ২৪ ঘণ্টায় দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পার্বত্য অঞ্চলের চট্টগ্রাম বিভাগের **সেলোনিয়া** নদীর পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে; মুহুরী ও ফেনী নদীসমূহের পানি সমতল সমতল স্থিতিশীল রয়েছে; যা **আগামী ০৩ দিন বৃদ্ধি পেতে পারে;** তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।

-

**পানি সমতল ও বারিপাত তথ্য**

-

**(২৬ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ /০৯ জুন, ২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: নেই।**

| মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমা উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - | - |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

বাংলাদেশের অভ্যন্তরে:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| নাকুয়াগাঁ (শেরপুর) | ১৬৬.০ | টেকনাফ | ৮২.০ |
| ছাতক (সুনামগঞ্জ) | ৮২.০ | পঞ্চগড় | ৭৬.০ |
| লালাখাল (সিলেট) | ৬৩.০ | কানাইঘাট (সিলেট) | ৬৩.০ |
| দিরাই (সুনামগঞ্জ) | ৫৮.০ | সুনামগঞ্জ | ৫৫.০ |
| কাউনিয়া (রংপুর) | ৫২.০ | জাফলং (সিলেট) | ৫২.০ |
| মহেশখোলা (সুনামগঞ্জ) | ৫১.০ | রংপুর | ৪২.০ |

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| শিলিগুড়ি (পশ্চিম বঙ্গ) | ৪৫.০ | জলপাইগুড়ি (পশ্চিম বঙ্গ) | ৪৩.০ |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১২৭ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৭১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৪৬ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ১০ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | ০০ |
| **(পর্যবেক্ষণকৃত স্টেশন সমূহের তথ্যের ভিত্তিতে)** | | | |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | ০০ | | |
| **নদীসমূহ সংলগ্ন জেলা** | - | | |

৫। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৭ জুন ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা থেকে ০৮ জুন ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **৫টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ২ | ০ | ০ |
| ২. | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩. | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪. | সিলেট | ০ | ০ | ০ |
| ৫. | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬. | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭. | খুলনা | ০ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | রংপুর | ২ | ০ | ০ |
| | **মোট** | **৫** | **০** | **০** |

০৯-০৬-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১৫২/১ (১৭)

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার (সকল)।
১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।